দৈনিক বাংলা

তারিখ [illegible]9 DEC 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

# সাম্প্রদায়িকতা জনগণকে বিভক্ত করে— জিল্লুর রহমান সিদ্দিকী

( নিজস্ব সংবাদদাতা )

কৃষি বিশ্ববিদ্যালয়, ২৭শে ডিসেম্বর।— তত্ত্বাবধায়ক সরকারের শিক্ষা বিষয়ক উপদেষ্টা প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী বলেছেন, দেশের প্রধান শত্রু হচ্ছে সাম্প্রদায়িকতা। এই সাম্প্রদায়িকতা দেশের জনগণকে বিভক্ত করে। স্বৈরশাসকরা সাম্প্রদায়িকতাকে উস্কে দিয়ে বছরের পর বছর ক্ষমতায় টিকে থাকে। সাম্প্রদায়িকতার অশুভ শক্তি সম্পর্কে তিনি সকলকে সজাগ থাকার পরামর্শ দেন। তিনি বলেন, দেশে শিক্ষার হার বাড়লে সাম্প্রদায়িকতা কমবে। অনেক ক্ষেত্রে সাম্প্রদায়িকতা শিক্ষা বিস্তারের অন্তরায়।

গত সোমবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (বাকসু) এর অভিষেক অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

প্রফেসর সিদ্দিকী বলেন, দেশের সকল বিশ্ববিদ্যালয়ের জন্য একই নিয়ম থাকা বাঞ্ছনীয়। কৃষি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ১৯৭৩ সালের গণতান্ত্রিক অধ্যাদেশ চালু না থাকার জন্য সৃষ্ট সমস্যার কথা উল্লেখ করে তিনি বলেন, এই বিশ্ববিদ্যালয় দুটোতেও স্বায়ত্তশাসন দেয়া প্রয়োজন।